

[Spring (essay in Bengali font) rituraj bosonto: bosonto kaler soundorjo ebong sova amader monke horon kore. Rituder raja bosonto. Tai ei kalke bola hoy rituraj. Banglar ritu chokrer sobcheye sesh ritu...]

ঋতুরাজ বসন্ত

(সিডি১০৭)

বসন্তকালের সৌন্দর্য এবং শোভা আমাদের মনকে হরণ করে। ঋতুদের রাজা বসন্ত। তাই এই কালকে বলা হয় ঋতুরাজ। বাংলার ঋতু চক্রের সবচেয়ে শেষ ঋতু হল বসন্ত। ফাল্গুন-চৈত্র এই দুইমাস নিয়ে বসন্তকাল। বসন্তের নাতিশীতোষ্ণ আবহাওয়া, প্রাকৃতিক দৃশ্য সকলের প্রাণে আনে আনন্দের শিহরণ। পাতাঝরা গাছগুলোতে নতুন পাতা জন্মায়। আমগাছ মুকুলে ভরে যায়। বসন্তের বাতাস দক্ষিণ দিক থেকে বইতে থাকে। এই বাতাস মন উদাস করে দেয়।

বসন্ত যেন নবজীবনের প্রতীক। গাছে গাছে পলাশ শিমূল ফুলের মেলা। পলাশ ফুল থোকা বেঁধে থাকে আর লাল টুকটুকে শিমূল ফুলে গাছ ভরে থাকে। চারিদিক কোকিলের কুহু ধ্বনিতে ভরে ওঠে। কোকিলের এই কুহুধাকই জানান দেয় বসন্ত এসে গেছে। মৌমাছি, প্রজাপতির দল ফুলে ফুলে ঘুরে ঘুরে মধু সঞ্চয় করে। বসন্তের দক্ষিণা বাতাসে শরীরের জ্বালা জুড়িয়ে যায়। শীতের জড়তা কাটিয়ে বসন্তে পৃথিবী সজীব হয়ে ওঠে।

বসন্তে বাংলার সবচেয়ে মন রাখানো উৎসব দোল অনুষ্ঠিত হয়। তাই এই ঋতু সব অর্থে রঙিন। এই উৎসবকে কেন্দ্র করে মানুষ নিজেদের দুঃখ কষ্ট বিভেদ ভুলে সবাই রঙের খেলায় মেতে ওঠে। এই সময় শিবরাত্রি, বাসন্তী পূজা প্রভৃতি অনুষ্ঠান হয়। বসন্তের শেষে আসে চৈত্র সংক্রান্তি। গাজন উৎসবে মেতে ওঠে বাঙালি। ফাল্গুন মাসকে বলে 'মধুমাস'। এই সময় উৎসবকে কেন্দ্র করে অনেক জায়গায় মেলা বসে।

বসন্তে যেমন রঙের মাধুর্য দেখা যায়, তেমন ফুলের অপরূপ গন্ধ পাওয়া যায়। এইসময় ঠান্ডাগরমের পালাবদলে অনেকের সর্দি, কাশি, জ্বর হয়। হাম, বসন্ত ইত্যাদি রোগ হয়। যদিও এখন বিজ্ঞানের কল্যাণে এই রোগের ভয়াবহতা একেবারে নেই বললেই চলে। তবুও বলব বসন্ত ঋতুর রূপটি যেন রাজসিক। বসন্তের হাওয়া আমার খুব ভাললাগে। প্রাণটা জুড়িয়ে যায়।

© arked infotech 2015